ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৯১৩
আগরতলা, ২১ নভেম্বর, ২০২৫

**জিএসটি বিষয়ে দক্ষতা উন্নয়নে রাজ্যের ট্যাক্সেস অর্গানাইজেশন এবং ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্টস অব ইন্ডিয়ার মধ্যে মউ স্বাক্ষরিত**

জিএসটি বিষয়ে আধিকারিক থেকে শুরু করে মার্চেন্ট অ্যাসোসিয়েশন, ব্যবসায়ী সকলের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে রাজ্যের ট্যাক্সেস অর্গানাইজেশন এবং ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্টস অব ইন্ডিয়া (ইকাই)-এর মধ্যে আজ এক মউ স্বাক্ষরিত হয়। এই উপলক্ষে সচিবালয়ের ২নং কনফারেন্স হলে এক সংক্ষিপ্ত কর্মসূচির আয়োজন করা হয়। কর্মসূচিতে বক্তব্য রাখতে গিয়ে অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায় বলেন, জনগণ ও দেশের কল্যাণে জিএসটিকে যাতে আরও সুচারুরূপে বাস্তবায়ন করা যায় তারজন্য এই ব্যবস্থার সঙ্গে যুক্ত সকলের প্রশিক্ষণের প্রয়োজনীয়তা রয়েছে। তাই এই মউ স্বাক্ষর একটি বাস্তবিক সিদ্ধান্ত। বক্তব্য রাখতে গিয়ে জিএসটি এবং পরোক্ষ কর কমিটির চেয়ারম্যান সিএ রাজেন্দ্র কুমার বলেন, ইনস্টিটিউট অফ চার্টার্ড অ্যাকাউন্টস অফ ইন্ডিয়া (ইকাই) ভারতবর্ষের একটি অন্যতম প্রতিষ্ঠান। এখন পর্যন্ত ত্রিপুরাসহ দেশের মোট ১১টি রাজ্যের সঙ্গে এই প্রতিষ্ঠানের মউ স্বাক্ষর হয়েছে। তিনি বলেন, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টগণ হলেন করদাতা এবং সরকারের মধ্যে সমন্বয় বজায় রাখার মাধ্যম। কর্মসূচিতে স্বাগত বক্তব্য রাখেন স্টেট ট্যাক্সের চিফ কমিশনার ড. আকিঞ্চন সরকার। উপস্থিত ছিলেন ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্টস অব ইন্ডিয়ার সদস্য তথা সিএ স্মিতা মিশ্রা সহ অর্থ দপ্তরের বিভিন্ন স্তরের আধিকারিকগণ।

*****